

আইআইইউসি'র ওরিয়েন্টেশন অনুষ্ঠানে প্রফেসর গোলাম মহিউদ্দিন

সেই শিক্ষাই অর্জন করা উচিত যা নৈতিক কর্তব্যবোধ বাড়ায়

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর ভাইস-চ্যান্সেলর প্রফেসর কে.এম গোলাম মহিউদ্দিন বলেছেন, সেই শিক্ষাই অর্জন করা উচিত যা নৈতিক কর্তব্যবোধ বাড়ায়। ওই শিক্ষা নয় যা ছাত্রদেরকে হলমার্কে'র তানভীর বানাবে।

আজ সোমবার সকালে কুমিরাস্থ স্থায়ী ক্যাম্পাসে আইআইইউসি'র স্টুডেন্ট এ্যাফেয়ার্স ডিভিশন (স্ট্যাড) আয়োজিত শরৎকালীন সেমিস্টার-২০১৭-এর নবাগত ছাত্রদের ৪৫তম ব্যচের ওরিয়েন্টেশন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে আইআইইউসি'র ভাইস চ্যান্সেলর এ অভিমত ব্যক্ত করেন। আইআইইউসি'র প্রোভিসি (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মোঃ দেলাওয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত এ আয়োজনে বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন, আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টীজের ভাইস চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দ্বীন মোহাম্মদ এবং ফাইন্যান্স কমিটির চেয়ারম্যান অধ্যাপক আহসান উল্লাহ। শুভেচ্ছা বক্তব্য রাখেন, আইআইইউসি'র ট্রেজারার প্রফেসর হারুনুর-অর-রশীদ, ব্যবসায় শিক্ষা অনুষদের ডীন প্রফেসর ড. আবদুল হামিদ চৌধুরী, শরী'য়াহ অনুষদের ডীন প্রফেসর ড. নাজমুল হক নাদভী এবং স্বাগতঃ বক্তব্য রাখেন স্টুডেন্ট এ্যাফেয়ার্স ডিভিশনের পরিচালক আ. জ. ম. ওবায়দুল্লাহ। ব্রিফিং সেশনে বিষয়ভিত্তিক বক্তব্য রাখেন আইআইইউসি'র প্রক্টর ড. কাউসার আহমেদ, বিভিন্ন ডিভিশনের পরিচালক যথাক্রমে প্রফেসর ড. এ কে এম শাহেদ, প্রফেসর ড. বি এম মফিজুর রহমান, মোহাম্মদ জাহেদুর রহমান, মহিউদ্দিন হোসাইন, মোঃ জাহাঙ্গীর আলম ও মুহাম্মদ মাহফুজুর রহমান। ছাত্রদের পক্ষে বক্তব্য রাখেন, মতিউর রহমান ও ইফতেখার মাহমুদ আখন্দ। অনুষ্ঠান পরিচালনা করেন স্ট্যাড এর অতিরিক্ত পরিচালক মোহাম্মদ মামুনুর রশীদ। সঙ্গীত ও আবৃত্তি পরিবেশন করেন চৌধুরী গোলাম মাওলা, মোঃ আজিজুল হক ও মোসতাক খন্দকার।



প্রধান অতিথির বক্তব্যে আইআইইউসি'র ভিসি প্রফেসর কে. এম গোলাম মহিউদ্দিন বলেন, মা-বাবা চায় তার সন্তানের জীবনের নিরাপত্তা এবং তার সন্তান সুসন্তান হোক। আইআইইউসি অভিভাবকদের এই স্বপ্নের পরিবেশ নিশ্চিত করেছে। তিনি নবাগত ছাত্রদের উদ্দেশ্যে বলেন, কমিউনিকেশন স্কিল ছাড়া শিক্ষার্জন সম্ভব নয়। এ প্রসঙ্গে তিনি ছাত্রদের হালনাগাদ ও নির্ভুল তথ্য জানার উপর গুরুত্বারোপ করেন।

বিশেষ অতিথির বক্তব্যে আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টীজের ভাইস চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দ্বীন মোহাম্মদ বলেন, এই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার উদ্দেশ্য এমন একটা প্রজন্ম উপহার দেয়া যারা দেশ ও জাতির কল্যাণে তাতে শিক্ষাকে কাজে লাগাবে। তিনি বলেন, আইআইইউসি গুণে মানে সত্যিকার অর্থে একটি আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয়, যার রয়েছে সমৃদ্ধ অবকাঠামোসহ বিশাল ক্যাম্পাস। *প্রেস বিজ্ঞপ্তি*

(মোসতাক খন্দকার)

সহকারী পরিচালক, জনসংযোগ

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম